



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

উপজেলা ভূমি অফিস

ভৈরব, কিশোরগঞ্জ

<http://acl.bhairab.kishoreganj.gov.bd>

নম্বর: ৩১.৪১.৪৮২৫.০০০.০০০.৯৯.০০০১.২৫.২

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

**বিষয়: নামজারি ও ভূমি সংশ্লিষ্ট বিবিধ সেবা প্রাপ্তির লক্ষ্যে সকল প্রকার সনদের 'মূল কপি' দাখিল নিশ্চিতকরণ সংক্রান্ত।**

এতদ্বারা অত্র উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নামজারি ও জমাখারিজসহ ভূমি সংশ্লিষ্ট অন্যান্য সেবা গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সংযুক্ত বিভিন্ন সনদের ছায়ালিপি (ফটোকপি) জমা দেওয়ার প্রেক্ষিতে ইদানিং ব্যাপক জালিয়াতি ও তথ্য গোপনের অভিযোগ পাওয়া যাচ্ছে। সরেজমিনে তদন্ত ও রেকর্ড পর্যালোচনায় দেখা গেছে যে, অনেক ক্ষেত্রে জালিয়াতিপূর্ণ ছায়ালিপি ব্যবহার করে অসাধু উপায়ে ভূমির মালিকানা পরিবর্তনের চেষ্টা করা হচ্ছে, যা জনস্বার্থ ও ভূমি ব্যবস্থাপনার জন্য মারাত্মক হুমকি।

এমতাবস্থায়, ভূমি সেবায় স্বচ্ছতা, জবাবদিহি এবং জনসাধারণের স্বত্ব নিরঙ্কুশ রাখার স্বার্থে এখন থেকে সকল প্রকার আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে পালনীয় হবে:

**১. মূল সনদ দাখিল বাধ্যতামূলক:** আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (প্রশাসক/মেয়র/চেয়ারম্যান/যথাযথ কর্তৃপক্ষ) কর্তৃক ইস্যুকৃত নিম্নোক্ত সনদ সমূহসহ সকল প্রকার সনদ তথা প্রত্যয়নপত্রের **মূল কপি (Original Copy)** আবশ্যিকভাবে দাখিল করতে হবে:

- ওয়ারিশান/উত্তরাধিকার সনদ (Succession Certificate)
- নাগরিকত্ব সনদ (Citizenship Certificate)
- স্থায়ী বাসিন্দা সনদ (Permanent Resident Certificate)
- একই ব্যক্তির প্রত্যয়নপত্র (Same Person/Alias Certificate)
- অন্যান্য সকল প্রকার প্রত্যয়ন বা সনদ যা কর্তৃপক্ষের স্বাক্ষর সংবলিত।

**২. সনদের কার্যকারিতার মেয়াদ:** দাখিলকৃত সকল সনদ ভূমি সংক্রান্ত সেবার আবেদনের তারিখ হতে **অনধিক ০৩ (তিন) মাস** সময়ের পূর্বে ইস্যুকৃত হতে হবে। মেয়াদোত্তীর্ণ বা অত্যধিক পুরাতন কোনো সনদ গ্রহণযোগ্য হবে না।

**৩. ছায়ালিপি বা ফটোকপি গ্রহণ অযোগ্য:** কোনো প্রকার ছায়ালিপি, সত্যায়িত অনুলিপি বা ঝাপসা কপি প্রাথমিক নথি হিসেবে গ্রহণ করা হবে না। মূল সনদ ব্যতিরেকে কোনো প্রস্তাব বা নথি অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে না।

**৪. আইনগত কঠোর ব্যবস্থা:** যাচাইকালে বা পরবর্তীতে যদি কোনো সনদ জাল, ঘষামাজা বা বানোয়াট মর্মে প্রমাণিত হয়, তবে সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে 'ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩' এবং দণ্ডবিধির সংশ্লিষ্ট ধারায় নিয়মিত ফৌজদারি মামলা দায়ের করা হবে।

নিরাপদ ভূমি সেবা নিশ্চিত করতে এবং প্রতারণার হাত থেকে নিজেকে রক্ষা করতে এই দাপ্তরিক নির্দেশনা পরিপালনে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



২৭-০১-২০২৬

এ. এইচ. এম. আজিমুল হক  
সহকারী কমিশনার (ভূমি)

ফোন : +৮৮০১৩৩২৮৫৭১৩৬

ইমেইল : aclandbhairab2019@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ।
- ৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর, রাজস্ব (এসএ) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
- ৫। সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
- ৬। সার্ভেয়ার, সহকারী কমিশনার (ভূমি) এর দপ্তর, উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ।
- ৭। ইউনিয়ন/পৌর ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ইউনিয়ন/পৌর ভূমি অফিস, (পৌর/সাদেকপুর/শিমুলকান্দি/আগানগর), ভৈরব, কিশোরগঞ্জ।
- ।
- ৮। নাজির কাম-ক্যাশিয়ার (রগটন দায়িত্ব), সহকারী কমিশনার (ভূমি) এর দপ্তর, উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ।

